

শিক্ষার নামে মানব পাচারের অভিযোগ বাশারের বিরুদ্ধে

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ০৫:৫৩, ২৯ ডিসেম্বর ২০২৪; আপডেট: ০৭:৫৯, ২৯ ডিসেম্বর ২০২৪



লায়ন এম কে বাশা

বিএসবি ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এবং ক্যামব্রিয়ান এডুকেশন গ্রুপের কর্ণধার লায়ন এম কে বাশারের বিএসবি গ্লোবাল নেটওয়ার্কের চটকদারি বিজ্ঞাপন ও মিষ্টি কথার মার পেঁচে লাখ লাখ টাকা বিএসবি গ্লোবাল নেটওয়ার্কের অফিসে জমা দিয়েও কোন কুল কিনারা পাচ্ছেন না ভুক্তভোগিরা। চটকদারি বিজ্ঞাপনের মোহে পড়ে টাকা দিলেও দিনে পর দিন বিএসবির অফিসে ধর্না দিয়েও কোন কাজ হচ্ছে না বলে অভিযোগ করেছেন শিক্ষার্থীরা।

ভুক্তভোগী হুমায়রা মাহবুবা নামে এক বেসরকারি চাকরিজীবী বলেন, বিএসবি গ্লোবাল নেটওয়ার্কের চটকদারি বিজ্ঞাপন দেখে কানাডা যাবার ইচ্ছা পোষন হয়। তারপর বিএসবির গুলশান অফিসে গেলে তাদের কথায় আমি রাজি হই। আমার স্বামীর কাছ থেকে ও গহনা বিক্রিবাদ প্রায় ১২ লাখ টাকা তাদের হাতে দেই। কিন্তু টাকা নিয়ে কানাডা যাওয়া তো দুরের কথা। আমি সর্বস্ব হারিয়ে এখন তাদের পিছে পিছে ঘুরেও কোন কুল কিনারা পাচ্ছি না।

এভাবে অসংখ্য মানুষকে পথে বসিয়েছেন লায়ন বাশার। ভুক্তভোগীদের অভিযোগ ধরাছোঁয়ার বাহিরে রয়েছেন লায়ন বাশার এবং থানা পুলিশকে ম্যানেজ করেই বাশার আত্মগোপনে রয়েছেন।

এবিষয়ে ঢাকা মহানগর ডিএমপি উপ কমিশনার মুহাম্মদ তালেবুর রহমান বলেন, অভিযুক্ত লায়ন এম কে বাশারকে খুঁজে বের করতে আমরা সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছি।

লায়ন এম কে বাশার প্রতিষ্ঠা করেন ক্যামব্রিয়ান স্কুল এ্যান্ড কলেজ, মেট্রোপলিটন স্কুল এ্যান্ড কলেজ, কিংস স্কুল, কিংস কলেজ, মাদরাসাতু সালাহা খাতুন, উইনসাম স্কুল এ্যান্ড কলেজ, ক্যামব্রিয়ান কালচারাল একাডেমি, ক্যামব্রিয়ান ইন্টারন্যাশনাল স্টাডিজ সেন্টার, ক্যামব্রিয়ান ইন্টারন্যাশনাল কলেজ অব এভিয়েশন, ক্যামব্রিয়ান টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, ক্যামব্রিয়ান স্পোর্টস একাডেমি গড়ে তুলেছেন তিনি। এছাড়া (প্রস্তাবিত) ক্যামব্রিয়ান ইউনিভার্সিটির অন্যতম উদ্যোক্তা তিনি।

এছাড়াও তিনি বিএসবি গ্লোবাল নেটওয়ার্ক, বিএসবি ট্রাভেলস, বিএসবি ল্যান্ডস্কেপ ক্লাব এবং বিএসবি ইভেন্ট এ্যান্ড এক্সপো ম্যানেজমেন্টের প্রধান নির্বাহীর দায়িত্ব পালন করছেন।

প্রসঙ্গত, লায়ন এম কে বাশার ১৯৭১ সালে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া উপজেলার দরুইন গ্রামে জন্মগ্রহণ করেন। তার বাবার নাম মোহাম্মদ শরিয়ত উল্লাহ ভূঁইয়া এবং মা সালাহা খাতুন। লায়ন বাশার ব্রাহ্মণবাড়িয়ায় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাগ্রহণ করেন। পরবর্তীতে রাজধানীর ঢাকা কমার্স কলেজ ও ঢাকা কলেজ থেকে উচ্চশিক্ষা গ্রহণ করেন। তার সহধর্মিণী লায়ন খন্দকার সেলিমা রওশন ক্যামব্রিয়ান এডুকেশন গ্রুপের ভাইস চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন। এ দম্পতির তিন কন্যা— বুররা আরাবি, সারা আরাবি ও বাশারা আরাবি।

লিংক: <https://www.youtube.com/watch?v=f-qJWjowQhI>

সূত্র: তালাশ
